



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭,
E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/২০২৩(ক)

তারিখঃ ১৩/০৮/২০২৩ খ্রিঃ

বিষয়: ২০২৩ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার লিখিত উত্তরপত্র বোর্ডে প্রেরণ সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার লিখিত উত্তরপত্র (সৃজনশীল/রচনামূলক ও বহুনির্বাচনী) প্রতিদিন পরীক্ষা শেষে ঐ দিনেই ময়মনসিংহ শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখায় (ভবন-২) হাতে হাতে ভারপ্রাপ্ত কর্মকর্তা নিজে অথবা প্রাধিকারপ্রাপ্ত শিক্ষক মারফত পুলিশ প্রহরাসহ নিরাপত্তা হেফাজতে সকালের পরীক্ষার ক্ষেত্রে বিকাল ৪ টা ও বিকালের পরীক্ষার ক্ষেত্রে সন্ধ্যা ৭ টার মধ্যে প্রেরণের ব্যবস্থা করতে হবে। যদি হাতে হাতে পরীক্ষার দিন প্রেরণ সম্ভব না হয় তাহলে প্রতিদিন পরীক্ষা শেষে সময় উল্লেখপূর্বক উত্তরপত্র ভর্তি বস্তা/প্যাকেট/বাক্সে সিলগালা করে থানা হেফাজতে রাখতে হবে এবং নিম্নলিখিত তারিখ সমূহে থানা থেকে নিয়ে সিলগালা না ভেঙ্গে থানার সার্টিফিকেটসহ পুলিশ প্রহরায় হাতে হাতে জমা দিতে হবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ডাকযোগে বা অন্য কোন ব্যবস্থায় প্রেরণ করা যাবে না।

লিখিত উত্তরপত্র হাতে হাতে বোর্ডে জমাদানের তারিখ:

১ম কিস্তি : ০২/০৯/২০২৩ খ্রি: (শনিবার)			২য় কিস্তি : ১৩/০৯/২০২৩ খ্রি: (বুধবার)			৩য় কিস্তি : ২৬/০৯/২০২৩ খ্রি: (মঙ্গলবার)		
জেলার নাম	সময়	নিম্নের তারিখ সমূহে অনুষ্ঠিত পরীক্ষার OMR সহ সকল লিখিত উত্তরপত্র	জেলার নাম	সময়	নিম্নের তারিখ সমূহে অনুষ্ঠিত পরীক্ষার OMR সহ সকল লিখিত উত্তরপত্র	জেলার নাম	সময়	নিম্নের তারিখ সমূহে অনুষ্ঠিত পরীক্ষার OMR সহ সকল লিখিত উত্তরপত্র
জামালপুর	৯.৩০ ঘটিকা	১৭/০৮/২০২৩খ্রি: ২০/০৮/২০২৩খ্রি ২২/০৮/২০২৩খ্রি:	জামালপুর	৯.৩০ ঘটিকা	০৩/০৯/২০২৩খ্রি: ০৪/০৯/২০২৩খ্রি ০৫/০৯/২০২৩খ্রি:	জামালপুর	৯.৩০ ঘটিকা	১৪/০৯/২০২৩খ্রি: ১৭/০৯/২০২৩খ্রি: ১৮/০৯/২০২৩খ্রি:
শেরপুর ও নেত্রকোণা	১১.৩০ ঘটিকা	২৪/০৮/২০২৩খ্রি: ২৭/০৮/২০২৩খ্রি: ২৯/০৮/২০২৩খ্রি:	শেরপুর ও নেত্রকোণা	১১.৩০ ঘটিকা	০৭/০৯/২০২৩খ্রি: ১০/০৯/২০২৩খ্রি: ১১/০৯/২০২৩খ্রি:	শেরপুর ও নেত্রকোণা	১১.৩০ ঘটিকা	১৯/০৯/২০২৩খ্রি: ২১/০৯/২০২৩খ্রি: ২৪/০৯/২০২৩খ্রি:
ময়মনসিংহ	২.০০ ঘটিকা	৩১/০৮/২০২৩খ্রি:	ময়মনসিংহ	২.০০ ঘটিকা	১২/০৯/২০২৩খ্রি:	ময়মনসিংহ	২.০০ ঘটিকা	২৫/০৯/২০২৩খ্রি:

- বিঃদ্র: (১) প্রেরিত লিখিত উত্তরপত্রের বাস্তিলা/বস্তুর উপর ভিন্ন কাগজে বিষয় ও বিষয় কোড লিখে জমা দিতে হবে। কোনভাবেই কেন্দ্রের নাম লিখা যাবে না।
(২) উত্তরপত্রের কভার পৃষ্ঠার উপরের অংশ ও বহুনির্বাচনী OMR অত্র বোর্ডের ০১ নং ভবনে এবং লিখিত উত্তরপত্র ০২ নং ভবনে জমা দিতে হবে।

প্রাপক
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্র / ২০২৩


(প্রফেসর মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
ফোন : ০২- ৯৯৭৭১০৪৪২
Email : conbisemym@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর;
- ২। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৫। অফিস কপি।